



## বৃত্তি

# সৌদির কিং ফাহাদ বিশ্ববিদ্যালয়ে বৃত্তি, আবেদন করুন দ্রুত

প্রথম আলো ডেস্ক

COLLEGE OF CHEMICALS AND MATERIALS  
Chemical Engineering  
Department

**Full Scholarships  
Graduate Students**

stipend  
medical care  
on-campus housing  
return ticket  
meals

**Register NOW**

A TOP-TIER UNIVERSITY

46th  
Chemical  
Engineering

WORLD  
UNIVERSITY  
RANKINGS

<https://che.kfupm.edu.sa/>

বিশ্ববিশিষ্ট শিক্ষার্থীদের জন্য ফুল ফ্রি স্কলারশিপ দিচ্ছে সৌদি কিং ফাহাদ বিশ্ববিদ্যালয়। এ বৃত্তিতে স্নাতকোত্তর, পিএইচডি প্রোগ্রামে পড়া যাবে। বাংলাদেশসহ বিশ্বের নানা দেশের শিক্ষার্থীরা আবেদন করতে পারবেন এ বৃত্তির জন্য।

সৌদিতে রয়েছে উন্নত ও আধুনিক সব সুবিধাসম্পন্ন বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয়। ১৯৭৫ সালে সৌদি আরবে উচ্চশিক্ষা মন্ত্রণালয় প্রতিষ্ঠিত হয়। যার অধীনে প্রায় ২৫টি সরকারি উঁচুমানের বিশ্ববিদ্যালয় রয়েছে। এর মধ্যে শীর্ষ স্থানীয় বিশ্ববিদ্যালয়গুলোয় সৌদি সরকার বিদেশি শিক্ষার্থীদের বিনা খরচে অধ্যয়নের সুযোগ দিয়ে থাকে।

বিদেশি শিক্ষার্থীরা ছবি: কিং ফাহাদ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নেওয়া

কিং ফাহাদ বিশ্ববিদ্যালয় সৌদি আরবের দাহরানের একটি সরকারি বিশ্ববিদ্যালয়। সৌদি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এ বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান, প্রকৌশল, ব্যবসা এবং ব্যবস্থাপনা প্রোগ্রামগুলো দেশের পাশাপাশি সমগ্র অঞ্চলে সর্বাধিক সম্মানিত। ১৯৬৩ সালে বিশ্ববিদ্যালয়টির যাত্রা শুরু হয়। ৩০টি মাস্টার্স প্রোগ্রাম এবং ১০টি মেডিকেল বিষয়ের প্রোগ্রামের আন্তর্জাতিক পাঠক্রম এবং গবেষণার সুযোগ দেওয়া হচ্ছে এই কিং ফাহাদ ফুল ফ্রি স্কলারশিপে। যেসব সুযোগ দেওয়া হবে, সেগুলো হলো সম্পূর্ণ টিউশন ফি প্রদান করা হবে, মাসিক উপবৃত্তি দেওয়া হবে, আবাসনের ব্যবস্থা, স্বাস্থ্য বিমা, পাঠ্যপুস্তক ক্রয়ের খরচ, বিমানে আসা-যাওয়ার খরচ এবং বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ায় বিনা মূল্যে খাবার, তা ছাড়া রয়েছে গবেষণা ও বই প্রকাশের সুযোগসহ অন্যান্য আন্তর্জাতিক সুযোগ-সুবিধা। এই স্কলারশিপের আবেদন করার জন্য কোনো খরচ দিতে হবে না। তবে যোগ্যতার মানদণ্ড হিসাবে পিএইচডির জন্য দিতে হবে দুই বছরের মাস্টার্স ডিগ্রি এবং মাস্টার্সের জন্য দিতে হবে চার বছরের ব্যাচেলর ডিগ্রি। দিতে হবে ইংরেজি ভাষায় দক্ষতার প্রমাণপত্র। আবেদনকারীদের অবশ্যই কিং ফাহাদ ইউনিভার্সিটি স্কলারশিপের সব যোগ্যতা পূরণ করতে হবে।

- তিনটি রেফারেন্স লেটার
- জীবনবৃত্তান্ত
- পাসপোর্ট সাইজের ছবি
- রিসার্চ প্রপোজাল
- একটি পেজে দিতে হবে স্টেটমেন্ট অব পারপাস
- আইইএলটিএস বা টোয়েফল স্কোরের সনদ।

## বৃত্তিতে যে যে সুবিধা—

৩০টি মাস্টার্স প্রোগ্রাম এবং ১০টি মেডিকেল বিষয়ের প্রোগ্রামের আন্তর্জাতিক পাঠক্রম এবং গবেষণার সুযোগ দেওয়া হচ্ছে কিং ফাহাদ ফুল ফ্রি স্কলারশিপে। *ছবি: কিং ফাহাদ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে নেওয়া*

কিং ফাহাদ বিশ্ববিদ্যালয় আন্তর্জাতিক মাস্টার্স এবং পিএইচডি শিক্ষার্থীদের সম্পূর্ণ বৃত্তি প্রদান করে। এ বৃত্তির সুবিধাগুলো হলো—

- \*সম্পূর্ণ টিউশন ফি
- \*জীবনযাত্রার খরচ মেটাতে মাসিক উপবৃত্তি
- \*ক্যাম্পাস বিনা মূল্যে বাসস্থান
- \*চিকিৎসা খরচ
- \*বিনা মূল্যের পাঠ্যপুস্তক
- \*বিশ্ববিদ্যালয়ের ক্যাফেটেরিয়ায় ভুক্তিযুক্ত খাবার

আবেদনের শেষ সময়: ২৯ জুন ২০২৪।

## আবেদনের প্রক্রিয়া

অনলাইনে আবেদন করা যাবে। আবেদনের বিস্তারিত জানতে এখানে ক্লিক করুন অথবা King Fahd University Scholarship 2024 in Saudi সার্চ করেও তথ্য পাবেন।



প্রথম আলোর খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন



 prothomalo.com

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান  
স্বত্ব © ১৯৯৮-২০২৪ প্রথম আলো